

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.১০০০.০০০.১৪.০৬০.১৫(১). ৭০৪

ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ ০৭ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ বগুড়া জেলা পরিষদের স্মারক নং- জেপব/১৭৩/স্কীম/২০১৫-২০১৬/৪০৮ তারিখঃ ০৪/০২/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব তহবিলের আওতায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকায় গৃহীত জেলার শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের বেসিক ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্পটি নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহ :

- (১) প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;
- (২) প্রশিক্ষণ প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া, উপ পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া, উপজেলা নির্বাহী অফিসার, সদর, বগুড়া, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বগুড়া এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;
- (৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (৪) ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের ১৩.৩.২০১২ খ্রিঃ তারিখের ৭৯১নং স্মারকের নির্দেশনা অনুযায়ী পরিচালনা;
- (৫) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষণার্থীগণকে বিনামূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাগুর জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে।

(মোঃ জাহিদ হোসেন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzpz@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বগুড়া

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (সরজমিনের পরিদর্শন করে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।